দৈনিক ইত্তেফাক

তারিখ APR. 06 2002
পৃষ্ঠা ... কলাম ...

# গাইবান্ধায় কাজের মেয়েকে খুনের দায়ে গৃহকর্ত্রী ও প্রেমিক জেলহাজতে

**গাইবান্ধা সংবাদদাতা ঃ** পলাশবাড়ী উপজেলা সদরে প্রফেসরপাড়ায় পরকীয়া প্রেমে বাধা দিতে গিয়ে নিহত কাজের মেয়ে সাবিনার (১৪) হত্যাকারী গৃহকর্ত্রী দিলরুবা ও প্রেমিক মঞ্জুকে ব্যাপক জিজ্ঞাসাবাদের পর শুক্রবার জেলহাজতে পাঠানো হয়েছে।

পুলিশ জানায়, ছোট শিমুলতলা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা ৪ সন্তানের জননী দিলরুবা হারুন চাকুরীর সুবাদে তার স্বামীর, ঢাকায় অবস্থানের সুযোগে ভাতিজা মিজানুর রহমান মঞ্জুর সঙ্গে গোপন সম্পর্ক গড়ে উঠে। তাদের ধারণা, বুধবার রাতে কাজের মেয়ে সাবিনা দিলরুবা ও মঞ্জুকে আপত্তিকর অবস্থায় দেখে ফেলায় তাকে বেদম প্রহার করা হয় এবং এতে তার মৃত্যু হলে লাশ ফাঁসিতে ঝুলিয়ে রাখা হয়। ঘটনাটি আত্মহত্যা বলে চালিয়ে দেয়ার জন্য থানায় একটি ইউডি মামলাও দায়ের করা হয়। কিন্তু পুলিশ পরদিন সুরতহাল রিপোর্ট তৈরী করতে গিয়ে মৃতের দেহে মারপিটের চিহ্ন এবং গলায় ফাঁস আলগা দেখতে পেয়ে নিজ উদ্যোগে একটি হত্যা মামলা দায়ের করেন এবং গৃহকর্ত্রী দিলরুবা ও মঞ্জুকে গ্রেফতার করে। পুলিশের জিজ্ঞাসাবাদে মঞ্জু অবৈধ সম্পর্কের কথা স্বীকার করলেও ঐ রাতে তিনি দিলরুবার বাড়ীতে ছিলেন না বলে জানান। অপরদিকে দিলরুবা ঐ রাতে সাবিনাকে মারপিটের কথা স্বীকার করলেও হত্যা করার কথা অস্বীকার করেন।